



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৪৫.২১.২২২

তারিখ: ২৪ বৈশাখ ১৪২৯

০৭ মে ২০২২

বিষয়: তদন্ত কর্মকর্তা নিয়োগ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুদক কার্যালয়ের স্মারক নং-০০.০১.০০০০.৫০৩.২৬.০৫৮.২২.১১১৪২; ১৬/০৩/২২খ্রি. মোতাবেক পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলাধীন সাফা ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ বিনয় কৃষ্ণ বল এর বিরুদ্ধে উক্ত কলেজের অফিস সহকারী জনাব ফরিদা ইয়াসমিন দুর্নীতির অভিযোগ করেন। উক্ত অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দুদক মাউশিতে প্রেরণ করে।

অভিযোগের বর্ণনা: “আমি নিম্ন স্বাক্ষরকারী এই মর্মে অভিযোগে দাখিল করিতেছি যে, পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলার ঐতিহ্যবাহী সাফা ডিগ্রী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ বিনয় কৃষ্ণ বল গত ০১/০৪/২০১৯ তারিখ ঐ কলেজে যোগদান করেন। তিনি অত্যন্ত প্রভাবশালী ব্যক্তি। ক্ষমতার অপব্যবহার করে সকল নিয়মনীতি উপেক্ষা করে নানা দুর্নীতিতে জড়িয়ে পড়েন। ডিগ্রি উপবৃত্তির নামে ১৩০ জন ছাত্র-ছাত্রীদের কাছ থেকে ২০০/- টাকা করে বিনা রশীদে ৪৭,০০০/- টাকা গ্রহণ করে, পুনঃরায এ্যাসাইনমেন্ট নেওয়ার নামে বিনা রশীদে ৩০০/- টাকা করে ৭৫,০০০/- টাকা, অটো পাশের প্রবেশপত্র বিতরণে বিনা রশীদে ১০০/- টাকা করে ২৪,৭০০/- টাকা, কেন্দ্র ফি এর নামে ২০২০ সালে ১৬০/- টাকা হারে ৬৪৮ জন ছাত্র ছাত্রী কাছ থেকে ১,০৯,৪৪০/- টাকা, কলেজের পুকুরে মাছ চাষের নামে এস এমসির সভাপতি

আশরাফুর রহমানের কাছ থেকে ১০ হাজার টাকা নিয়ে ৬ হাজার টাকার মাছ ফালান, কলেজের কাটা তারের বেড়ার নামে সভাপতির কাছ থেকে ২৫ হাজার টাকা নিয়ে অদ্যবধি বেড়া দেওয়া হয়নি এবং রাস্তার জন্য টাকা প্রদান করা হলেও এখন পর্যন্ত রাস্তা করা হয়নি। তিনি কলেজের রাস্তার জন্য ২ হাজার ইট এর ভাউচার জমা দেন অথচ ইট আনেন মাত্র ১ হাজার, রেজুলেশন বিহীন কলেজের অর্থ আত্মসাৎ এর উদ্দেশ্যে দুই ধরনের রশিদ ব্যবহার করে থাকেন। যাহা নীতিমালা বহির্ভূত। কলেজের পুরাতন ভবনের ৩ হাজার ২ শত টাকার কাজ করে ভাউচার করেন ৩২ হাজার টাকা। ছাড়া ভারপ্রাপ্ত অধ্যক্ষ বিনয় কৃষ্ণ বল গত ১৩/০৫/২০২১ তারিখ রাত ৮.০০ টার সময় অধ্যক্ষের ছেলে সৈকত ও ৪ জন লোকসহ দুই খান মেহগনী গাছ ও দুই খান শিশু গাছ টমটম ভরিয়া মঠবাড়িয়া নিয়া যায়। যাহার মূল্য ৪০ হাজার টাকা। তিনি বিভিন্ন সময় কলেজের উত্তলিত অর্থের ব্যাঘের অতিরিক্ত টাকার পরিমাণ প্রায় ২ লক্ষ টাকা অধ্যক্ষের কাছে হস্ত মজুদ রয়েছে। যাহা জরুরী ভিত্তিতে অডিট হওয়া প্রয়োজন। উল্লেখিত সাফা ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ বিনয় কৃষ্ণ বলের সীমাহীন দুর্নীতির বিষয়টি আমলে নিয়ে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করেন।

বর্ণিত বিষয়টি সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামত সহ ১২ কর্ম দিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করার জন্য পরিচালক ও সহকারী পরিচালক (কলেজ), মাউশি, আঞ্চলিক কার্যালয়, বরিশালকে নির্দেশক্রমে দায়িত্ব প্রদান করা হলো।

৭-৫-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

ফোন: +88-02-223351057

ইমেইল: dg@dshe.gov.bd

বিতরণ :

১) পরিচালক, পরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল

২) সহকারী পরিচালক (কলেজ), কলেজ শাখা, মাধ্যমিক
ও উচ্চ শিক্ষা বরিশাল অঞ্চল, বরিশাল

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৪৫.২১.২২২/১(৩)

তারিখ: ২৪ বৈশাখ ১৪২৯


০৭ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, পরিচালক (দৈনিক ও সাম্প্রতিক অভিযোগ সেল), দুর্নীতি দমন কমিশন

২) অধ্যক্ষ, সাফা ডিগ্রি কলেজ, মঠবাড়িয়া, পিরোজপুর।

৩) জনাব ফরিদা ইয়াসমিন, অফিস সহকারী, সাফা ডিগ্রি কলেজ, মঠবাড়িয়া, পিরোজপুর।



৭-৫-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক